[Sanatan Dharma](#)

---

**অক্ষয় ফল ব্রত**

অক্ষয় ফল ব্রতের দ্রব্য ও বিধান – অক্ষয় তৃতীয়ার দিন অক্ষয় সিঁদুরের মত অক্ষয় ফল ব্রত করার নিয়ম। এটি চার বছরের ব্রত, এর উদযাপনের করতে হয় চার বছর অক্ষয় ফল ব্রত পালন করার পর।

এই ব্রতের, এয়োদের না দিয়ে ব্রাহ্মণদের ফল দেওয়ার বিধান আছে। ব্রত নেওয়ার পর প্রথম বছরের অক্ষয় তৃতীয়ার দিন একজন ব্রাহ্মণ কে ডাব, আম, কলা ,বেল,ডালিম কিংবা হরিতকী এই পাঁচটি ফল,পৈতা ,মিষ্টান্ন ও পয়সা দিতে হয়। দ্বিতীয় বছরের দুজন, তৃতীয় বছরের তিনজন এবং চতুর্থ বছরের চারজন ব্রাহ্মণ কে এইভাবে জিনিস দিয়ে ব্রত উদযাপন করা প্রয়োজন।

অক্ষয় ফল ব্রত উদযাপন বিধি – উদযাপনের সময় সামর্থ্য থাকলে ব্রত গ্রহণ কারিণী চারজন ব্রাহ্মণ কে ধুতি ,চাদর দিতে পারেন, আর তা না হলে যাকে দিয়ে ব্রত নেওয়া হয়েছে, তাকে কাপড় ,চাদর, গামছা,

পৈতে ,ছাতা , জুতো ও সোনা রুপোর পাঁচ টি ফল গড়িয়ে দান করার নিয়ম। অন্য কজন ব্রাহ্মণকে পরিতোষ করে ভজন করিয়ে ভজন দক্ষিণা দিতে হয়। কিন্তু যাকে দিয়ে ব্রত নেয়া হয়েছে তাকে ষোলআনা ভজন দক্ষিণা দিতে হবে।

ব্রতের ফল – অক্ষয় পূর্ণ সঞ্চয় করার জন্য মেয়েরা এই ব্রত নিয়ে থাকে। এই ব্রত চার বছর পালন করার নিয়ম আর অক্ষয় ত্রিতিয়া তে এই ব্রত নিতে হয়।।

Published on: Jan, 09 2023 14:28